



সুন্মগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
ওয়েজখালী সুন্মগঞ্জ।



Tel: 0871-62931/62930, Mob: 01769-400075, E-Mail : sunampbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৯০৮৯.৫৬২.০২.০০৮.২১.

৪৫২৬

তারিখ :- ১৬ কার্তিক' ১৪২৮ বঙ্গাব্দ
০১ নভেম্বর' ২০২১ খ্রিষ্টাব্দ

“আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি”

সুন্মগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-এ নিম্নবর্ণিত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা (৩০০-১৪), (৩০০-২৪) ও (৩০০-৫১) এর শর্তাবলী পূরণ সাপেক্ষে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিলিং সহকারী পদে কর্মরত আহ্রহী প্রার্থীগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে স্ব হস্তে লিখিত দরখাস্ত আহ্রবান করা যাচ্ছে।

পদের নাম :- বিলিং সুপারভাইজার।

পদের সংখ্যা :- ০৪টি

আবেদন করিবার নিয়মাবলী :-

আহ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট পবিস এর সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-এর সুপারিশসহ স্ব হস্তে পূর্ণ জীবন বৃত্তান্ত সম্বলিত আবেদন পত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি, সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত (পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী) প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত কপি, বর্তমান পদে যোগদান নিয়মিতকরণ সংক্রান্ত পত্রের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বৎসরের শাস্তির বিবরণ (যদি থাকে), যদি না থাকে তাহলে সুস্পষ্টভাবে উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে। উল্লেখিত কাগজপত্র সহ আগামী ২১/১১/২০২১ খ্রিঃ ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকায় সাফাৎকারে অংশগ্রহণের জন্য সুন্মগঞ্জ পবিস এর সদর দপ্তর, ওয়েজখালী, সুন্মগঞ্জ স্ব-শরীরে উপস্থিত থাকবার জন্য অনুরোধ করা হল।

প্রার্থীর যোগ্যতা :-

- পবিস-এ বিলিং সহকারী (নিয়মিত) হিসাবে নূন্যতম ০৭ (সাত) বৎসর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
- বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য অফিস ইকুইপমেন্ট পরিচালনা ও রক্ষানাবেক্ষণে অবশ্যই সক্ষম হতে হবে।
- প্রতি মিনিটে নূন্যতম ১০ (দশ) ও ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।
- পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ সহ পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্ত পূরণ করতে হবে।

শর্তাবলী :-

- পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকায় {সুন্মগঞ্জ সদর, তাহিরপুর, বিশ্বম্ভরপুর, জামালগঞ্জ, দিরাই, শাল্লা, জগন্নাথপুর, ছাতক, দোয়ারাবাজার ও শান্তিগঞ্জ (সাবেক দক্ষিণ সুন্মগঞ্জ) উপজেলার} স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।
- অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালক গণের স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।
- আবেদনকারীকে পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী যোগ্যতা সম্পন্ন এবং ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।
- বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
- অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্যে হতে জ্যেষ্ঠ প্রার্থীকে উক্ত পদে নিয়োগের জন্য বিবেচনা করা হবে।
- (ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন (খ) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন (গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন (ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর ০১ বার গুরুদন্ড এবং ০১ বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন (ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন (চ) পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য/বিবেচিত ঘোষিত হয়েছেন (ছ) বর্তমান বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময় কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না (জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি পদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না।

(Handwritten signature)

